গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নোয়াখালী সদর, নোয়াখালী
www.sadar.noakhali.gov.bd

নম্বর: ০৫.৪২.৭৫৮৭.০০০.৫১.০০১.২৬-১২০৭

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ ব.
০৪ আগস্ট ২০২৬ খ্রি.

## উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোকান ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার গত ১৮ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১-৩৬ নম্বর স্মারকে জারীকৃত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবস্থার সংস্থার সংশোধিত পরিপত্র এবং গত ০৭/০৭/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নোয়াখালী জেলার সদর উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার মোট ১১ টি কক্ষ এবং ৩য় তলার সম্পূর্ণ ফ্লোর দোকান হিসেবে ভাড়া দেয়ার নিমিত্তে বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধাগণের পরিবারের সদস্য ও আগ্রহী ব্যবসায়ীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১ | আবেদন ফরম বিতরণের তারিখ | ১০/০৮/২০২৬ খ্রি. থেকে ২৩/০৮/২০২৬ খ্রি.পর্যন্ত |
| ২ | আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময় | ২৪/০৮/২০২৬ খ্রি. দুপুর ০১ টা |
| ৩ | আবেদন ফরম জমাকৃত বাক্স খোলা তারিখ ও সময় | ২৪/০৮/২০২৬ খ্রি. দুপুর ০৩ টা |
| ৪ | আবেদন ফরম জমাদানের স্থান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী |
| ৫ | দোকান ভাড়া সময়সীমা | বরাদ্দের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত |
| ৬ | অগ্রিম জামানত | প্রতিটি দোকানের জন্য নির্ধারিত ভাড়ার ০৬ (ছয়) মাসের অর্থ জামানত হিসেবে প্রদান করতে হবে |
| ৭ | প্রতিটি আবেদন ফরম এর মূল্য | ৫০০/- (পাঁচ শত) টাকা |

মুক্তিযোদ্ধ কমপ্লেক্স ভবনের ভাড়া নির্ধারণ সংক্রান্ত বিবরণ:

| ক্রমিক নং | অবস্থান | দোকান সংখ্যা | প্রতিটি দোকানের জন্য প্রস্তাবিত ভাড়া |
|---|---|---|---|
| ১ | ১ম তলা | ০৫(পাঁচ) টি | ১০,০০০/- (দশ হাজার) টাকা। |
| ২ | ২য় তলা | ০৬ (ছয়) টি | ৯,০০০/- (নয় হাজার) টাকা। |
| ৩ | ৩য় তলা | সম্পূর্ণ ফ্লোর | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। |

*** বিজ্ঞপ্তির শর্তাবলী (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী (২) উপজেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী সদর, নোয়াখালী (৩) জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, নোয়াখালীতে অফিস চলাকালীন সময়ে দেখা ও পাওয়া যাবে।

*** বিজ্ঞপ্তির শর্তাবলী আবেদন ফরম এর অপর পৃষ্ঠায় উল্লেখ থাকবে।

০৪/০৮/২৬

হোমায়রা ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষনাবেক্ষন
ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি
নোয়াখালী সদর, নোয়াখালী।